# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd রাজশাহী শিক্ষাবোর্ড.বাংলা

স্মারক নম্বরঃ মাধ্য.পরী.কেন্দ্র/পউশা/৭২-০৪/১২৭/২৬৯ তারিখ: ৩০/ ০১/২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৫ সালের মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার উপকরণাদি কেন্দ্রে সরবরাহ ও ফেরত প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০২৫ সালের মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ১০ এপ্রিল বৃহস্পতিবার থেকে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের সাদা মূল উত্তরপত্র'সহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্টায় বর্ণিত বিতরণের তারিখ সকাল ১০.০০টায় অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষা উপকরণাদি(বিতরণ ও গ্রহণ) শাখা হতে সরবরাহ করা হবে। কেন্দ্র সচিব ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত প্রতিনিধি সিনিয়র শিক্ষকের মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। অফিস সহায়ক বা অফিস সহকারীর নিকট পরীক্ষার উপকরণাদি বিতরণ করা হবে'না। শিক্ষক প্রতিনিধির মাধ্যমে উপকরণাদি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে কেন্দ্র সচিব কর্তৃক সত্যায়িত ভোটার আইডি কার্ডের ফটোকপি নমুনা স্বাক্ষর সম্বলিত ক্ষমতা অর্পন'পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

কেন্দ্র সচিবের কেন্দ্রের সীল অবশ্যই সঙ্গে আনতে হবে। অস্পষ্ট সীল কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ কেন্দ্র সচিবের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে ভোটার আইডি কার্ডের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়িত'সহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। যদি ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিজে আসতে না পারেন সে ক্ষেত্রে তাঁর মনোনীত নিজ প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষককে উপজেলা নির্বাহী অফিসারের কাছ থেকে ভোটার আইডি কার্ডের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়িত'সহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। নতুবা সে সব কেন্দ্রের পরীক্ষার উপকরণাদি সরবরাহ করা হবে না।

**ক) কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি অত্র শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত মিনি ট্রাকে তীরপল বা পলেথিন দিয়ে ঢেকে নিজ ব্যয়ে নিরাপদে পরিবহনের ব্যবস্থা করতে হবে। যাত্রীবাহি বাসে মালামাল পরিবহণ না করার জন্য অনুরোধ করা হল।**

খ) রাজশাহী শিক্ষাবোর্ড হতে সরবরাহকৃত মালামাল কেন্দ্রে পৌছার পর পরই প্রাপ্ত উপকরণাদি প্রদত্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত সংখ্যার **হিসাব বিবরণী ফরম-০২** পূরণ করে ১৫(পনের) দিনের মধ্যে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করে ১(এক) কপি তালিকা জমা দিতে হবে।

গ) উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র, ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ভর্তিবস্তা, খালি বস্তা'সহ রাজশাহী শিক্ষাবোর্ড কর্তৃক সরবরাহকৃত ০১ হতে ০৮ ক্রমিকে উল্লেখিত মালামাল ও কেন্দ্রে ব্যবহৃত সকল উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ ফরম ০৪ পরীক্ষা শেষ হওয়ার পরে অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অবশ্যই অত্র বোর্ডের উপকরণ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বুঝিয়ে দিতে হবে।

উক্ত সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে কিংবা রাজশাহী শিক্ষাবোর্ড কর্তৃক সরবরাহকৃত উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতিপূরণ আদায় করা হবে। উদ্বৃত উপকরণাদি (ট্রাংক/বস্তা) কোনক্রমেই রেলওয়ে পার্সেল বা ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠানো যাবেনা।

ঘ) সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, সিকিউরিটি খাম অযথা কেন্দ্রের স্বাক্ষর ও সীল করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না; এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ১০০/-(একশত) টাকা হারে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে, সচিব, সোনালী সেবা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড রাজশাহী। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে উপর্যুক্ত কারণ ব্যাখ্যা করে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে স্বাক্ষর/সীল দিয়ে ফেরত দিতে হবে।

কোন উত্তরপত্রের সেলাই খোলা থাকলে ষ্ট্যাপ্লার পিন বা সেলাই করে কোনক্রমেই ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্র ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরত দিতে হবে।

**বি:দ্রঃ কোন অবস্থাতেই নির্ধারিত তারিখ ছাড়া অন্য কোন তারিখে মালামাল বিতরণ ও গ্রহণ করা হবে না।**

অপর পৃষ্টা-০২

**জেলাওয়ারী উপকরণাদি বিতরণ ও ফেরতের তারিখ ঃ**

| ক্রমিক | জেলা | কেন্দ্র | বিতরণের তারিখ | জেলা ও কেন্দ্র-ওয়ারী বন্টন | ফেরতের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | সিরাজগঞ্জ | ৪৬ | ১৯/০২/২০২৫ বুধবার | সিরাজগঞ্জ জেলার সকল কেন্দ্র | ১৯/০৫/২০২৫ সোমবার |
| ২. | বগুড়া | ৪১ | ২০/০২/২০২৫ বৃহস্পতিবার | বগুড়া জেলার সকল কেন্দ্র | ২০/০৫/২০২৫ মঙ্গলবার |
| ৩. | পাবনা | ৩১ | ২২/০২/২০২৫ শনিবার | পাবনা জেলার সকল কেন্দ্র | ২১/০৫/২০২৫ বুধবার |
| ৪. | জয়পুরহাট-১৭ | ১৭ | ২৩/০২/২০২৫ রবিবার | জয়পুরহাট জেলার সকল কেন্দ্র | ২২/০৫/২০২৫ বৃহস্পতিবার |
| ৫. | নাটোর | ২৭ | ২৪/০২/২০২৫ সোমবার | নাটোর জেলার সকল কেন্দ্র | ২৪/০৫/২০২৫ শনিবার |
| ৬. | নওগাঁ | ৩৮ | ২৫/০২/২০২৫ মঙ্গলবার | নওগাঁ জেলার সকল কেন্দ্র | ২৫/০৫/২০২৫ রবিবার |
| ৭. | চাঁপাইনবাবগঞ্জ | ১৫ | ২৬/০২/২০২৫ বুধবার | চাঁপাইনবাবগঞ্জ জেলার সকল কেন্দ্র | ২৬/০৫/২০২৫ সোমবার |
| ৮. | রাজশাহী | ৫৪ | ২৭/০২/২০২৫ বৃহস্পতিবার | রাজশাহী জেলার সকল কেন্দ্র | ২৭/০৫/২০২৫ মঙ্গলবার |

**প্রাপক**
**কেন্দ্র সচিব**
............................................................
কেন্দ্রের নাম ও কোড ........................................
জেলা.......................................................

৩০/০১/২৫

**পরীক্ষা নিয়ন্ত্রক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
☎ ০২৫৮৮৮৫৬২৩১

**স্মারক নম্বরঃ মাধ্য.পরী.কেন্দ্র/পউশা/৭২-০৪/১২৭/২৬৯/(৯০)** **তারিখ: ৩০/০১/২০২৫ খ্রিস্টাব্দ**

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :** (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ।
২. জেলা প্রশাসক,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট।
৩. পুলিশ সুপার,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট।
৪. উপজেলা নির্বাহী অফিসার,রাজশাহী,চাঁপাইনবাবগঞ্জ,নাটোর,নওগাঁ,পাবনা,সিরাজগঞ্জ,বগুড়া ও জয়পুরহাট।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(এসএসসি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
৭. উপ-সচিব (ভান্ডার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
৮. নিরাপত্তা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
৯. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
১০. পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
১১. পি.সি, আনসার বাহিনী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
১২. অফিস নথি।

৩০/১/২৫

**পরীক্ষা নিয়ন্ত্রক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
☎ ০২৫৮৮৮৫৬২৩১
প্রয়োজনে যোগাযোগ করুনঃ ০১৯১২-৮৫৩৯২২